



হাতিয়ায় ফেরি উদ্বোধন ঘিরে বিএনপি-এনসিপি সংঘর্ষ, আহত ১০



হাতিয়া বিএনপি-এনসিপি সংঘর্ষ। ছবি: সংগৃহীত

নোয়াখালীর হাতিয়ার নলচিরা ঘাটে নতুন ফেরি সার্ভিস চালুর অনুষ্ঠানকে ঘিরে বিএনপি ও এনসিপি সমর্থকদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে, যা পরে সংঘর্ষে রূপ নেয়। এতে দুই পক্ষের অন্তত ১০ জন আহত হন।

গুৱাবার বিকেলে নলচিরা-চেয়ারম্যান ঘাট নৌপথে ফেরি চলাচলের আনুষ্ঠানিক সূচনা করেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব ড. নুরুল্লাহর চৌধুরী। উদ্বোধনী পর্ব শেষ হওয়ার পর ঘাট এলাকায় জড়ো থাকা দুই দলের কর্মী-সমর্থকদের মধ্যে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

প্রত্যক্ষদর্শীদের মতে, ফেরি চালু হওয়ার কৃতিত্ব নিয়ে উভয় পক্ষ আলাদা আলাদা স্লোগান দিতে শুরু করলে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে তা ধাওয়া-পাল্টা ধাওয়া ও হাতাহাতিতে গড়ায়।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দ্রুত নৌবাহিনী ও পুলিশ এগিয়ে আসে। আহতদের কয়েকজনকে আশপাশেই চিকিৎসা দেওয়া হয়েছে। ঘটনার পর এলাকা জুড়ে চাপা উত্তেজনা বিরাজ করছে।

এনসিপি এই ঘটনার জন্য প্রতিপক্ষকে দায়ী করে জড়িতদের গ্রেপ্তারের দাবি জানিয়েছে এবং তা না হলে প্রশাসনিক কার্যালয় ঘেরাওয়ের হুঁশিয়ারি দিয়েছে। অপরদিকে বিএনপিও তাদের নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ তুলে একইভাবে এনসিপিকে দোষারোপ করেছে।